

৭ কলেজের অধ্যক্ষদের সঙ্গে ঢাবির সভা আজ

অনলাইন ডেস্ক

২৭ জানুয়ারি ২০২৫, ০১:১২ এএম



ছবি: সংগৃহীত

ঢাকা বিশ্ববিদ্যালয়ের অধিভুক্ত ৭ কলেজের অধ্যক্ষদের সাথে জরুরি সভা ডেকেছে ঢাবি উপাচার্য ড. নিয়াজ আহমদ খান।

UNIBOTS

আজ সোমবার এই সভা অনুষ্ঠিত হবে বলে জানানো হয়েছে।

রবিবার রাতে ঢাকা বিশ্ববিদ্যালয়ের জনসংযোগ দফতরের পরিচালক (ভারপ্রাপ্ত) মোহাম্মদ রফিকুল ইসলাম খান এক বিজ্ঞপ্তিতে এই তথ্য জানান।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ঢাকা বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. নিয়াজ আহমদ খানের সঙ্গে অধিভুক্ত সরকারি সাত কলেজের অধ্যক্ষগণের এক জরুরি সভা আগামীকাল ২৭ জানুয়ারি (সোমবার) দুপুর সাড়ে ১২টায় উপাচার্য কার্যালয় সংলগ্ন সভাকক্ষে অনুষ্ঠিত হবে। সভায় অধিভুক্ত সরকারি সাত কলেজের শিক্ষার্থীদের স্বার্থ সংশ্লিষ্ট বিভিন্ন বিষয়ে আলোচনা করা হবে।

[কলেজ](#) [অধ্যক্ষ](#) [ঢাবি](#) [সভা](#)